দৈনিক বাংলা

005

তারিখ 13 SEP 1987
পৃষ্ঠা ... কলাম ...

# অভিভাবকদের কাছে ভিসির চিঠি

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে শিক্ষার্থীরা যাতে নিয়ম-শৃংখলার প্রতি শ্রদ্ধাশীল থাকে এবং শিক্ষার্থী সুলভ আচরণের পরিচয় দেয় সে জন্যে প্রভাব বিস্তার করতে ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের নিকট আবেদন জানিয়েছেন।

ভাইস-চ্যান্সেলরের এ আবেদন বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীর

৫-এর পৃঃ দ্রঃ

দৈনিক বাংলা

## ভিসির চিঠি

(১-এর পৃঃ পর)

অভিভাবকের নামে ডাকযোগে পাঠানো হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের এক সভায় অভিভাবকদের নিকট এ চিঠি পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়েছিল।

প্রফেসর মান্নান তাঁর আবেদনে ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে বলেন গত কয়েক মাস ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অব্যাহত সন্ত্রাস ও নানা বিধ প্রতিকূলতা শিক্ষাজীবনকে মারাত্মকভাবে বিপর্যস্ত করেছে। মধ্য জুলাইতে সন্ত্রাসের চূড়ান্ত পরিণতি ঘটে তিন তিনটি তাজা খুনের মধ্য দিয়ে। সন্ত্রাসের মূলোৎপাটন না করে আবার বিশ্ববিদ্যালয় খুললে অচিরেই ঘটনার পুনরাবৃত্তি ঘটবে বলে প্রায় সকল মহলই আশংকা প্রকাশ করছেন। সমস্যা সমাধানের কোন বলিষ্ঠ পদক্ষেপ আজ পর্যন্ত নেয়া সম্ভব হয়নি। যদিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সম্পর্কে প্রাথমিক কয়েকটি জরুরী ব্যবস্থা নিয়েছেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রতি অভিভাবকদের দৃঢ় সমর্থন রয়েছে বলে প্রফেসর মান্নান আশা প্রকাশ করেন। এ প্রসংগে তিনি তাঁর আবেদনে বলেন যে শিক্ষিত মহল যদি সন্ত্রাস রোধ করার প্রয়াসে সর্বাত্মক সহযোগিতা না করেন তাহলে অচিরেই দেশের উচ্চ শিক্ষার কাঠামো ভেঙ্গে পড়বে। যা ভবিষ্যৎ বংশধরদের জন্যে অপরিমেয় ক্ষতি বয়ে আনবে।

ভিসি অভিভাবকদের নিকট প্রেরিত পত্রে আরও বলেন, 'আমাদের উদ্দেশ্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ নয়। বরং সচেতনতা সৃষ্টির মাধ্যমে স্থায়ী সমাধান অর্জন করা। কিন্তু লক্ষ্য করছি এ ধরনের প্রচেষ্টা বানচাল করে কতিপয় অন্যায়কারী শিক্ষাজীবনকে চরম নৈরাজ্যের দিকে ঠেলে দিচ্ছে।' আবেদনে উল্লেখ করা হয় যে ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্ত গ্রহণের সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয় ও হলসমূহের নিয়মাবলী কঠোর ভাবে প্রয়োগের সিদ্ধান্ত নেয়া হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশা করছেন যে আইন শৃংখলা রক্ষাকারী প্রতিষ্ঠানসমূহও অস্ত্রের উৎসমুখ রোধ এবং অস্ত্রধারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করে শিক্ষাজীবনের স্বাভাবিক গতি অব্যাহত রাখার সুযোগ করে দেবেন।